সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
SYLHET PALLI BIDYUT SAMITY-1
গোটাটিকর, কদমতলী, সিলেট।
টেলিফোনঃ ০৮২১ ৮৪০০৩১, ওয়েব সাইটঃ pbs1.sylhet.gov.bd, ইমেইলঃ syl_pbs1@yahoo.com

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৯১৩১.৫৩৭.০২.০০৮.২২. ৭০৬

তারিখঃ ২৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

'' আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি ''

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্ত আগ্রহী প্রাক্তন মিটার রিডার চুক্তিভিত্তিক /ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে,সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো - ২০১৬ এর সংশ্লিষ্ট পদের প্রারম্ভিক বেতন,যা বেশি তদানুযায়ী বেতন নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি।	০১। **বয়সসীমা:-** প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান্ন)বছর **(২৮/০৪/২০২২ খ্রিঃ তারিখে)।** ০২। **অভিজ্ঞতা :-** আগ্রহী প্রার্থীর যেকোন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন) বছর/ ০৬(ছয়) বছর/০৯(নয়) বছর তদুর্দ্ধ সময়ের ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতা সনদপত্র ব্যতিত আবেদন গ্রহণযোগ্য হবে না। ০৩। **অন্যান্য যোগ্যতা:** (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয়ে অর্থ্যাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

০১। **চুক্তির সময়কালঃ**
নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। চুক্তিকালীন কাজকর্ম ও প্রতি বছরের কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর কর্তৃপক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ২/১ (এক/দুই) দিন বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ২য় চুক্তি সম্পাদন এবং একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে পুনরায় আরও ০৩ বছর মেয়াদের জন্য ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ (৩+৩+৩)=০৯ (নয়) বছর অথবা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) অত্র সমিতিতে চাকুরী নিয়োজিত থাকতে পারবেন।

শর্তাবলীঃ

০২। **আবেদনপত্র পূরণ ও জমাদান :**
আগ্রহী প্রার্থীগণ সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইটে **(pbs1.sylhet.gov.bd)** হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১)A-4 সাইজের কাগজে ডাউনলোডপূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৮/০৪/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোটাটিকর, কদমতলী, সিলেট এর বরাবরে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোটাটিকর, কদমতলী, সিলেট এ আবেদনপত্র পৌঁছাতে হবে। অসম্পূর্ণ,নির্ধারিত ফরম ব্যতিত অন্য কোন ফরম, সাদা কাগজে/ সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। কোন ব্যক্তি যদি একাধিক মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করেন তাহলে উক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে :**

ক) ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিণ ছবি জমা দিতে হবে,
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত অনুলিপি,
গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি,
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ / পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র,
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র,

চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত " অভিজ্ঞতার সনদ যা এজিএম(প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৪। **অন্যান্য শর্তাবলী :**

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনকভাবে চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত প্রদান করা হবে।

খ) অত্র সমিতির ভৌগোলিক এলাকা তথা সিলেট জেলার স্থায়ী বাসিন্দার আবেদন করার প্রয়োজন নেই।

গ) অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্তের সর্ম্পকীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

ঘ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) কিংবা মিটার রিডার (চুক্তিভিত্তিক) কিংবা ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে যদি অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করে থাকেন অথবা দেশের ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হন, তাহলে তাদের আবেদন করার প্রয়োজন নাই। যদি কেহ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ)যে সকল প্রার্থী ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)পদে ০৯(নয়) বৎসর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

চ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তি বাতিল করা হবে।

ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ,বর্তমান বয়স ইত্যাদি (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

ঝ) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

ঞ) বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫,তারিখ-১২ নভেম্বর ২০১৮ খ্রি: এর নির্দেশনা অনুসরণ করে চাকুরীকাল (On Job Service Length) বিবেচনা করত: জ্যেষ্ঠতা নির্ধারক পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে।

ট) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে;যা কখনো কোনক্রমেই নিয়মিত হবে না।

ঠ) ইতোপূর্বে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতিত চুক্তি নবায়ন করা হবে না।পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

ড) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষণিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

ঢ) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

ণ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

12/05/22

(প্রকৌ: দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)

০১॥ নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩॥ একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৪॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ড এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, সিলেট।
০৬॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.......... পবিস-১/২/৩/৪ (বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসের মানব

সম্পদ/প্রশাসন বিভাগে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা
অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ)।

০৭। ডিজিএম,(কারিগরী-সদর দপ্তর), গোলাপগঞ্জ/বিয়ানীবাজার/জকিগঞ্জ/বিশ্বনাথ/ওসমানীনগর জোনাল অফিস/ফেঞ্চুগঞ্জ জোনাল অফিস, সিলেট পবিস-১।

০৮। এজিএম (ওএন্ডএম), বালাগঞ্জ সাব-জোনাল অফিস, সিলেট পবিস-১।

০৯। এজিএম(অর্থ-হিসাব/অর্থ- রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), সিলেট পবিস-১।

১০। জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি, সিলেট পবিস-১ঃ পবিস ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য।

১১। নোটিশ বোর্ড, সিলেট পবিস-১।

১২। অফিস কপি/মাস্টার কপি।

12/04/22

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার